

গভীর রাতে ভক্তিভরে কে জাগে আজ, কে জাগে ।
সপ্ত ভুবন আলো করে লক্ষ্মী আসেন, কে জাগে ।
ষোলো কলায় পূর্ণ শশী, নিশার আঁধার গেছে খসি-
একলা ঘরের দুয়ার-'পরে কে জাগে আজ, কে জাগে ।
ভরেছ কি ফুলের সাজি । পেতেছ কি আসন আজি ।
সাজিয়ে অর্ঘ্য পূজার তরে কে জাগে আজ, কে জাগে ।
আজ যদি রোস্ ঘুমে মগন চলে যাবে শুভলগন,
লক্ষ্মী এসে যাবেন স'রে- কে জাগে আজ কে জাগে ॥

Parjaay: Puja O Prarthana, Taal: Ektaal, Raag: Kanara
Visit www.geetabitan.com for notation and other detail